Growing up 2030 in a digital world

GOVERNING HEALTH FUTURES
THE LANCET & FINANCIAL TIMES COMMISSION

স্বাস্থ্য ব্যবস্থাপনার ভবিষ্যৎ ২০৩০:

দ্য ল্যানসেট ও ফিনান্সিয়াল টাইমস কমিশনের প্রাপ্ত ফলাফল ও সুপারিশমালা

২০২১ সালের অক্টোবরে প্রকাশিত কমিশনের প্রতিবেদনে স্বাস্থ্যখাতে ডিজিটাল রূপান্তরের পদ্ধতি নিয়ে আমূল পুনর্বিবেচনার আহ্বান জানানো হয়।

ডিজিটাল প্রযুক্তি ও ডেটা স্বাস্থ্য বিষয়ক দৃষ্টিভঙ্গির ও স্বাস্থ্যব্যবস্থার গঠনকাঠামোর বদল ঘটাচ্ছে, কিন্তু তার সঙ্গে খাপ খাইয়ে ব্যবস্থাপনার মডেলে পরিবর্তন ঘটেনি। ফলে বিশ্বব্যাপী অসম প্রভাব সৃষ্টি হয়েছে, গণতন্ত্র বিপন্ন হচ্ছে, রোগীর ও কমিউনিটির এজেন্সি সীমিত হচ্ছে এবং আস্থা ও মানবাধিকারের প্রশ্নে আপস করতে হচ্ছে।

২০১৯ সালে, স্বাস্থ্য ব্যবস্থাপনার ভবিষ্যৎ ২০৩০: ডিজিটাল দুনিয়ায় বেড়ে ওঠা বিষয়ক *দ্য ল্যানসেট* ও ফিনান্সিয়াল টাইমস কমিশন তৈরি করা হয়। স্বাস্থ্যখাতের ভবিষ্যৎ উন্নত করতে কীভাবে ডিজিটাল রূপান্তরের সুবিধাদি সবচেয়ে ভালোভাবে কাজে লাগানো যায় এবং সংশ্লিষ্ট ঝুঁকি কমানো যায়—বিশেষত শিশু ও যুবাদের জন্য যারা আজকের প্রণীত ব্যবস্থাপনা মডেলেরই উত্তরাধিকারী হবে—তা অন্বেষণ করার জন্য এটি প্রতিষ্ঠা করা হয়।

এজন্য বিভিন্ন খাত ও জ্ঞানশাস্ত্রের উনিশজন কমিশনারকে একত্রিত করা হয়; তাঁরা মিলে একটি প্রতিবেদন তৈরি করে। ক্রমবর্ধমান হারে ডিজিটাল হতে থাকা দুনিয়ায় স্বাস্থ্য ও কল্যাণের ক্ষেত্রে উন্নতি ঘটানোর জন্য যেসব ব্যবস্থাপনা পদ্ধতি, নৈতিক দিকনির্দেশনা ও প্রাতিষ্ঠানিক দায়দায়িত্ব বিবেচনায় নেওয়া আবশ্যক তার সবই তারা বিবেচনায় নেন। অংশীদারদের সঙ্গে কমিশন নিবিড়ভাবে কাজ করে যাতে প্রধান প্রধান অংশীজনের সঙ্গে, যুবাদের সঙ্গে অন্তর্ভুক্তিমূলক সংলাপ করা সহজ হয়, আর সেই সাথে ফিনান্সিয়াল টাইমস আয়োজিত সম্মেলনের মাধ্যমে বেসরকারি খাতের সাথে পরামর্শ করা হয়।

২০২১ সালের অক্টোবরে প্রকাশিত কমিশনের প্রতিবেদনে স্বাস্থ্যখাতে ডিজিটাল রূপান্তরের পদ্ধতি নিয়ে আমূল পুনর্বিবেচনার আহ্বান জানানো হয়।

সহায়তায়: CIFF CHILDREN'S INVESTMENT FUND FOUNDATION · fondation BOTNAR · wellcome · Schweizerische Eidgenossenschaft / Confédération suisse / Confederazione Svizzera / Confederaziun svizra — Swiss Agency for Development and Cooperation SDC

প্রাপ্ত ফলাফল

আগামীর স্বাস্থ্য ব্যবস্থাপনার জন্য একটি মূল্যবোধ-ভিত্তিক কাঠামো

অধিকাংশ রাষ্ট্র এখনও ডেটা সংহতি, ডিজিটাল আস্থা, মানবাধিকার, জবাবদিহিতা এবং জনসাধারণের অংশগ্রহণ-ভিত্তিক কোনো পদ্ধতি গ্রহণ করেনি। এগুলো হলো সার্বজনীন স্বাস্থ্য সুরক্ষা অগ্রসর করার, বৈষম্য হ্রাস করার এবং গোপনীয়তা সংক্রান্ত উদ্বেগ নিরসনের চাবিকাঠি।

স্বাস্থ্যের নতুন নির্ধারক হিসেবে ডিজিটাল রূপান্তরকে বিবেচনায় নেওয়া

স্বাস্থ্যের ডেটার ক্ষেত্রে সংহতিমূলক দৃষ্টিভঙ্গি এবং স্বাস্থ্যের নতুন নির্ধারক হিসেবে ডিজিটাল রূপান্তরকে বিবেচনায় নেওয়া জনস্বাস্থ্যের ক্ষেত্রে এটার গুরুত্বকে সবচেয়ে ভালোভাবে উপলব্ধির জন্য জরুরি। তবে, বেশিরভাগ ব্যবস্থাপনা পদ্ধতিতে এসব বিষয় অনুপস্থিত।

শিশু ও যুবাদেরকে উদ্যোগের কেন্দ্রে রাখা

স্বাস্থ্য ও কল্যাণের জন্য ডিজিটাল রূপান্তর যেসব সুবিধাদি নিয়ে এসেছে সেসবের ব্যাপারে যুবারা অত্যন্ত উচ্ছ্বসিত। কিন্তু এর ঝুঁকির বিষয়ে তারা উদ্বিগ্ন। নীতিমালা প্রণয়ন বা প্রযুক্তির বিকাশে যুবাদের মতামত ও চাহিদাকে খুব কমই অগ্রাধিকার দেওয়া হয়।

পদক্ষেপ গ্রহণের জন্য সুপারিশমালা

1. স্বাস্থ্যের নির্ধারক হিসেবে ডিজিটাল প্রযুক্তির ভূমিকা বিবেচনায় নিন
2. এমন একটি ব্যবস্থাপনা কাঠামো তৈরি করুন যেখানে আস্থা তৈরিকে উৎসাহিত করা হয়
3. স্বাস্থ্য ডেটার ব্যবস্থাপনা এমনভাবে করুন যাতে এর মান বাড়ে
4. যারা জনস্বাস্থ্যের ডিজিটাল রূপান্তর সম্ভব করে তুলে তাদের ওপর বিনিয়োগ করুন

সম্পূর্ণ প্রতিবেদনটি পড়ুন আমাদের ওয়েবসাইটে:
www.governinghealthfutures2030.org